

যাকাত ও কল্যাণ তহবিলের ৪র্থ বৃত্তি বিতরণ অনুষ্ঠান



২০ ফেব্রুয়ারি, ২০১৯-বুধবার সকাল ১০ ঘটিকায় যাকাত ও কল্যাণ তহবিল, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ('যাক তহবিল, জবিপ') সহায়তায় ৪র্থ বৃত্তি বিতরণ অনুষ্ঠান উপাচার্য মহোদয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

'যাক তহবিল, জবিপ' জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সভাপতি অধ্যাপক ড. মো. আইনুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন 'যাক তহবিল, জবিপ' এর সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মোস্তফা হাসান। এসময় বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ শওকত জাহাঙ্গীর, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. ফরিদা আক্তার খানম, সমাজবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. লীমা হক, রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান এবং অর্থ ও হিসাব দপ্তরের উপ-পরিচালক খন্দকার হাবিবুর রহমান প্রমুখ বক্তব্য প্রদান করেন।

উল্লেখ্য বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের ৭২ জন শিক্ষার্থীকে ৩টি ক্যাটাগরিতে তহবিলের মাধ্যমে বৃত্তি প্রদান করা হয়।